অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/25/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল হাডসন ভ্যালিতে তিনটি মুখ্য ব্রিজের পুনর্বাসনের জন্য 17.4 মিলিয়ন মার্কিন ডলারের প্রকল্পের কাজ শুরুর ঘোষণা করলেন

নতুন ব্রিজ ডেক, রাস্তার সার্ফেস এবং কংক্রিট মেরামত গুরুত্বপূর্ণ যাত্রা করিডোরের সংলগ্নে নিরাপত্তা উন্নত করবে এবং স্থিতিস্থাপকতা উন্নত করবে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে হাডসন ভ্যালিতে তিনটি হাইওয়ে ব্রিজ পুনর্বাসন করার জন্য একটি 17.4 মিলিয়ন মার্কিন ডলারের প্রকল্পের কাজ শুরু হয়েছে, এটি তিনটি কাউন্টির বাসিন্দা ও যাত্রীদের গুরুত্বপূর্ণ যাত্রা রুটে নিরাপত্তা বৃদ্ধি করবে এবং স্থিতিস্থাপকতা উন্নত করবে অবকাঠামো বিনিয়োগ এবং চাকরি আইনের (Infrastructure Investment and Jobs Act) সমর্থন পাওয়া এই প্রকল্পটি অরেঞ্জ কাউন্টির স্টেট রুট 52, রকল্যান্ড কাউন্টির স্টেট রুট 304 এবং ওয়েস্টচেস্টার কাউন্টির ইলিংটন রোডের ব্রিজে নতুন ডেক, রাস্তার সার্ফেস স্থাপন করবে এবং অন্যান্য মেরামত করবে, হাজার হাজার মোটরচালক প্রতিদিন ব্রিজগুলি ব্যবহার করে এবং নিউ ইয়র্ক স্টেট থ্রুওয়ে (New York State Thruway) এবং ক্রস ওয়েস্টচেস্টার এক্সপ্রেসওয়ে (Cross Westchester Expressway) (ইন্টারস্টেট 287) সহ অঞ্চলের প্রধান হাইওয়েসমূহে এবং একই সাথে এলাকার সবথেকে জনপ্রিয় গন্তব্যে পৌঁছানোর জন্য যাত্রীরা এই ব্রিজসমূহকে ব্যাপকভাবে ব্যবহার করে। পুনর্বাসিত হওয়া সবগুলি ব্রিজ 50 বছরের বেশি পুরোনো।

"অবকাঠামোতে বিনিয়োগ করার মাধ্যমে আমরা নিশ্চিত করছি যাতে আমাদের সম্প্রদায়সমূহ সংযুক্ত থাকে এবং যাতে তারা জলবায়ু পরিবর্তনের ফলে সৃষ্ট কাঠিন্য সহ্য করতে পারে," **গভর্নর হোকল বলেন।** "হাডসন ভ্যালির এই তিনটি ব্রিজের পুনর্বাসন অঞ্চলের সবথেকে ব্যস্ততম কিছু যাত্রা করিডোরে যাতায়াত সহজ করবে, এর ফলে আমাদের অর্থনীতি বলীয়ান হবে, জীবনযাত্রার মান এবং জননিরাপত্তা উন্নত হবে, এবং আমাদের সম্প্রদায়সমূহ সমৃদ্ধিশালী হয়ে থাকবে।"

তিনটি ব্রিজের কাজের মধ্যে রয়েছে নতুন, সম্পূর্ণ বিরামহীন এবং জোড়াহীন ব্রিজ ডেক যা দীর্ঘমেয়াদি রক্ষণাবেক্ষণ ব্যয় হ্রাস করবে, আরো মসৃণ একটি যাত্রা তৈরি কবে এবং ব্রিজের সার্বিক জীবনকাল বৃদ্ধি করবে। অন্যান্য উন্নয়নের মধ্যে রয়েছে নতুন রাস্তার সার্ফেস, স্টিলের গার্ডার মেরামত, পিয়ার প্রতিস্থাপন, কংক্রিট অ্যাবাটমেন্ট মেরামত এবং ইউটিলিটির কাজ। এছাড়াও রিসাইকেল করা কাঁচের চূর্ণযুক্ত উষ্ণ অ্যাসফল্ট মিশ্রণ ব্যবহার করা হবে এবং অনসাইটের অন্যান্য উপাদান প্রয়োগসাধ্য হলে রিসাইকেল ও পুনর্ব্যবহার করা হবে।

প্রকল্পটি নিচের ব্রিজগুলির পুনর্বাসন করবে:

- অরেঞ্জ কাউন্টির নিউবার্গ টাউনে ইন্টারস্টেট 84 এর উপরের স্টেট রুট 52, এটি 1963 সালে প্রথম নির্মাণ করা হয়।
- রকল্যান্ড কাউন্টির ক্লার্কসটাউন টাউনে ইন্টারস্টেট 287 এর উপরের স্টেট রুট 304, এটি 1953 সালে প্রথম নির্মাণ করা হয়।
- ওয়েস্টচেস্টার কাউন্টির ইয়র্কটাউন টাউনে টাকোনিক স্টেট পার্কওয়ের (Taconic State Parkway) উপরের ইলিংটন রোড, এটি 1967সালে প্রথম নির্মাণ করা হয়।

স্টেট রুট 52 এবং ইলিংটন রোড ব্রিজে কাজ ইতিমধ্যে শুরু হয়েছে এবং আগামী মাসগুলিতে স্টেট রুট 304 ব্রিজের নির্মাণকাজ শুরু করা হবে। প্রকল্পটি 2026 সালের গ্রীষ্মকালের মধ্যে শেষ বলে বলে প্রত্যাশা করা হচ্ছে।

নির্মাণকাজের ব্যবস্থা করার জন্য ইন্টারস্টেট 84, টাকোনিক স্টেট পার্কওয়ে এবং ইন্টারস্টেট 287 এ শোল্ডার বন্ধ করা হবে। অন্যান্য ট্র্যাফিক পরিবর্তনের মধ্যে রয়েছে:

- স্টেট রুট 52 এবং স্টেট রুট 304 কে উভয় দিকে একক লেনে হ্রাস করা হবে।
- ইলিংটন রোড ওভারপাসে ট্র্যাফিক বন্ধ রাখা হবে।

নিউ ইয়র্ক স্টেট পরিবহন বিভাগের (Department of Transportation, DOT) কমিশনার ম্যারি টেরেস ডমিঙ্গেজ বলেন, "গভর্নর হোকলের নেতৃত্বাধীনে, নিউ ইয়র্ক স্টেট আমাদের অবকাঠামোকে আরো স্থিতিস্থাপক করতে এতে বিনিয়োগ করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ। এই প্রকল্পটি হাডসন ভ্যালির তিনটি গুরুত্বপূর্ণ ব্রিজের আধুনিকায়ন করবে, প্রকৃতি আমাদের জন্য যেসব কাঠিন্য নিয়ে আসবে তার জন্য ব্রিজগুলিকে প্রস্তুত করবে এবং নিউ ইয়র্ক স্টেটের অর্থনীতি যাতে বিকাশ পেতে থাকে এবং আমাদের স্থানীয় সম্প্রদায়সমূহ যাতে সমৃদ্ধি করতে থাকে তা নিশ্চিত করবে।"

প্রতিনিধি প্যাট রায়ান বলেন, "দ্বিপক্ষীয় অবকাঠামো আইন (Bipartisan Infrastructure Law) আমাদের পরিবহন অবকাঠামোর পুনরুজ্জীবন এবং সেই সাথে কয়েক হাজার ভালো বেতনের চাকরি তৈরি করার জন্য কয়েক বিলিয়ন মার্কিন ডলার প্রদানের ব্যবস্থা করেছে। সেই মার্কিন ডলার এবং চাকরি সমগ্র হাডসন ভ্যালিতে নিয়ে আসার জন্য আমি প্রতিদিন কাজ করছি। অরেঞ্জ কাউন্টির ল্যান্ডমার্ক এই বিনিয়োগ নিউবার্গের পরিবারের জন্য আরো নিরাপদ রাস্তা প্রদান করবে এবং আমাদের ব্রিজের স্থিতিস্থাপকতা উন্নত করবে, যখন আমরা আমাদের অবকাঠামোকে একবিংশ শতাব্দীতে নিয়ে যাচ্ছে।"

স্টেটের সিনেটর পিটার হারখ্যাম বলেন, "আমাদের রাস্তা ও ব্রিজের মতো গুরুত্বপূর্ণ অবকাঠামোর রক্ষণাবেক্ষণ হলো নিউ ইয়র্কের অর্থনীতিকে সমর্থন করা অব্যাহত রাখার ক্ষেত্রে

আমার শীর্ষ অগ্রাধিকার। ইয়র্কটাউন টাউনের ব্রিজসহ হাডসন ভ্যালির তিনটি গুরুত্বপূর্ণ ব্রিজের সংস্কারের কাজ শুরু করা একটি স্বাগত সংবাদ কারণ এটি বাসিন্দা ও স্থানীয় ব্যবসাসমূহের জন্য, এবং সেই সাথে এলাকার পর্যটক ও ইন্টারস্টেটের বাণিজ্যের জন্য লাভজনক হবে। নিউ ইয়র্কের পরিবহন নিরাপত্তা এবং অব্যাহত অর্থনৈতিক প্রবৃদ্ধিতে বিনিয়োগ করার ক্ষেত্রে গভর্নর হোকলের সাথে বলিষ্ঠ অংশীদারিত্বের আমি প্রশংসা করছি।"

স্টেটের সিনেটর রবার্ট রলিসন বলেন, "আমাদের স্টেটের মুখ্য যাত্রা ধমনীতে অ্যাক্সেস বজায় রাখার জন্য এবং একই সাথে আমাদের নির্মিত পরিবেশের নিরাপত্তা ও সুস্থতা বৃদ্ধির জন্য এই অবকাঠামো প্রকল্পটি অত্যাবশ্যকীয়। নিউবার্গ টাউন হাইওয়ে ব্রিজে এই অতি গুরুত্বপূর্ণ বিনিয়োগের জন্য আমি গভর্নরের প্রশংসা করছি এবং আমাদের অঞ্চলের আরো রাস্তা রিপেভ ও রিসার্ফেস করতে আমাদের স্টেটের অংশীদারদের সাথে কাজ করতে আমি উন্মুখ যাতে চালকেরা আরো নিরাপদে এবং স্বাচ্ছন্দ্যে যাতায়াত করতে পারে।"

স্টেটের সিনেটর উইলিয়াম ওয়েবার বলেন, "ইন্টারস্টেট 287 এর উপরের স্টেট রুট 304 ব্রিজের পুনর্বাসন অতি প্রয়োজনীয় এবং সকলেই একে স্বাগত জানাচ্ছে। স্টেট যে আমাদের অবকাঠামো উদ্বেগ শুনেছে এবং তা ঠিক করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করছে তার জন্য আমি খুশি।"

অ্যাসেম্বলিসদস্য জোনাথন জ্যাকবসন বলেন, "এই ওভারপাসটি হলো রুট 52 এর সবথেকে বেশি যাতায়াত করা অংশগুলির একটি, যেহেতু এটি নিউবার্গে এক্সিট 37 এর মাধ্যমে I-84 এর সাথে সংযুক্ত হয়। আমি প্রতিদিন এই ব্রিজটি পার হই। এই পুনর্বাসন প্রকল্পের জন্য আমি গভর্নর হোকল এবং স্টেটের পরিবহন বিভাগের প্রশংসা করছি। শুধু ভবিষ্যতের দুর্ঘটনা এড়ানোর জন্য নয়, বরং আরো উন্নত জীবনযাত্রার মান নিশ্চিত করার জন্য আমাদের রাস্তা ও ব্রিজের রক্ষণাবেক্ষণ অতি গুরুত্বপূর্ণ।"

রকল্যান্ড কাউন্টির নির্বাহী এড ডে বলেন, "হাডসন ভ্যালির জন্য নির্ভরযোগ্য ও নিরাপদ পরিবহন অবকাঠামো নিশ্চিত করা অতি গুরুত্বপূর্ণ বলে আমরা বিশ্বাস করি এবং রকল্যান্ড কাউন্টির স্টেট রুট 304 ব্রিজে সর্বশেষ এই বিনিয়োগের আমরা প্রশংসা করছি।"

অ্যাসেম্বলি সদস্য কেনেথ জেব্রোস্কি বলেন, "রুট 304 হলো রকল্যান্ড কাউন্টির মধ্যে একটি প্রধান থরোফেয়ার এবং NYS থ্রুওয়ের (NYS Thruway) উপর দিয়ে যেই সার্ফেসটি চলছে তা সবসময়ই সমস্যা সৃষ্টি করছে। পুনর্বাসনের নিদারুণ প্রয়োজন রয়েছে এমন অবকাঠামো প্রকল্পগুলি গভর্নর হোকল এবং DOT সনাক্ত করছে এবং অতি গুরুত্বপূর্ণ বিনিয়োগ করছে তা দেখে আমি আনন্দিত। কাউন্টিতে যাতায়াত করার জন্য প্রতিদিন স্টেট রুট 304 ব্যবহার করা কয়েক হাজার রকল্যান্ড অধিবাসীর জন্য এই কাজটি একটি উল্লেখযোগ্য পার্থক্য সৃষ্টি করবে।"

ওয়েস্টচেস্টার কাউন্টি নির্বাহী জর্জ ল্যাটিমার বলেন, "ইয়র্কটাউনে টাকোনিক স্টেট পার্কওয়েতে অবস্থিত ইলিংটন রোড ব্রিজটি পুনর্বাসনে সাহায্য করতে কয়েক মিলিয়ন মার্কিন ডলার তহবিল বরাদ্দ করার জন্য আমি গভর্নর ক্যাথি হোকলকে ধন্যবাদ জানাতে চাই। এই নির্দিষ্ট ব্রিজটি প্রায় 60 বছরের পুরোনো এবং এর অবস্থার মেরামত করা অতি প্রয়োজনীয়।

আরো বলীয়ান ওয়েস্টচেস্টার কাউন্টি গঠন করার জন্য অবকাঠামো ও রাস্তার উন্নয়নে আমাদের প্রশাসন এর প্রতিশ্রুতি প্রমাণ করেছে, এবং প্রতিদিনের যাত্রায় এই ব্রিজ ব্যবহার করা বাসিন্দা ও যাত্রীদের নিরাপত্তা নিশ্চিত করতে এই তহবিলটি সাহায্য করবে।"

পরিবহন বিভাগ সম্পর্কে
নিউ ইয়র্ক স্টেটের পরিবহন বিভাগ সম্প্রদায়সমূহকে সংযুক্ত করে, জীবনযাত্রার মান উন্নত করে, পরিবেশের সুরক্ষা করে, এবং নিউ ইয়র্ক স্টেটের অর্থনৈতিক সুস্থতাকে সমর্থন করে এমন একটি নিরাপদ, নির্ভরযোগ্য, সমতার, এবং স্থিতিস্থাপক পরিবহন ব্যবস্থা প্রদান করার উদ্দেশ্যে কাজ করে। এটি জীবনের প্রশ্ন; গতি ধীর করুন এবং হাইওয়ের কর্মীদের জন্য সরে যান!

আরও তথ্যের জন্য, আমাদেরকে ফেসবুক (Facebook)-এ খুঁজুন, এক্স (X) বা ইনস্টাগ্রাম (Instagram)–এ ফলো করুন, অথবা আমাদের ওয়েবসাইটে ভিজিট করুন। সর্বশেষ যাতায়াতের তথ্যের জন্য 511 এ ফোন করুন, www.511NY.org ভিজিট করুন বা বিনামূল্যে 511NY মোবাইল অ্যাপ ডাউনলোড করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন